৭৩

দৈনিক সংবাদ

তারিখ FEB 14 1999

পৃষ্ঠা ৫ কলাম ৪

### ফরিদপুর জেলা প্রশাসকের সই জাল

# এক লাখ টাকা মূল্যের বই জালিয়াতির ঘটনা

ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ফরিদপুরের জেলা প্রশাসকের সই জাল করে ঢাকাস্থ জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে ফরিদপুর শেরে বাংলা পাঠাগারের জন্য বরাদ্দকৃত এক লাখ টাকা মূল্যের বই জালিয়াতির ঘটনা ঘটেছে।

শেরে বাংলা পাঠাগার সূত্রে জানা গেছে, গত ২৩/১১/৯৮ তারিখে ফরিদপুরের জেলা প্রশাসক ও পাঠাগার সভাপতি ফাইলে যথাযথ নোট প্রদানসহ সহ-সভাপতিকে জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে বই তুলে আনার জন্য (স্মারক নং শিক্ষা-১ অর্থ (৫) ৯৮) অনুমতিপত্র দেন। অনুরূপ একটি পত্র জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালকের কাছেও পৌঁছে দেয়ার জন্য উক্ত সহ-সভাপতির হাতে তুলে দেয়া হয়। অবশ্য জাতীয় গ্রন্থকেন্দ্রে বই উত্তোলন করতে গেলে গ্রন্থকেন্দ্র কর্তৃপক্ষ জাতীয় বই মেলার পর যোগাযোগ করতে বলেন। পরবর্তীকালে উত্তোলনের জন্য যথাযথ কাগজপত্রসহ গ্রন্থকেন্দ্রে যাওয়া হলে গ্রন্থকেন্দ্র থেকে ৯/১২/৯৮ তারিখে জেলা প্রশাসক স্বাক্ষরিত একটি চিঠি দেখানো হয়। এতে শেরে বাংলা পাঠাগারের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার নামে ভিন্ন একটি চিঠির উপর ভিত্তি করে উক্ত পরিমাণ বই প্রদান করা হয়। পত্রের সাথে জেলা প্রশাসকের সত্যায়িত করা উক্ত গোলাম মোস্তফার একটি রঙিন ছবিও দেখানো হয়। অথচ পাঠাগারের সাধারণ সম্পাদক তো নেই, বরং ঐ নামের কোনো ব্যক্তি শেরে বাংলা পাঠাগারে নেই। অর্থাৎ জেলা প্রশাসকের সই জাল করে শেরে বাংলা পাঠাগারের সাধারণ সম্পাদক সেজে পাঠাগারের নামে বরাদ্দকৃত এক লাখ টাকার বই জালিয়াতি করা হয়েছে।